দর্শনায় ১ কেজি গাঁজা সহ ২ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১ কেজি গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করা হয়েছে।
পুলিশ জানায় গতকাল রবিবার সন্ধা ৭ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্ব এস আই আহম্মেদ আলী বিশ্বাস, এস আই মাজারুল, এ এস আই রওশন আলী এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন ঘুঘুডাঙ্গা গ্রামের দর্শনা টু কার্পাসডাঙ্গা রোডের মোঃ রবিউল ইসলাম এর চায়ের দোকানের সামনে পাকা রাস্তার উপর থেকে ১ কেজি গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করা হয়। আসামীরা হলেন, দর্শনা থানার সুলতান পুর গ্রামের বাসিন্দা মোঃ ফিরোজ মিয়ার ছেলে সোনা মিয়া কাজল (লালু মিয়া ১৯) এবং মৃত শুকুর আলীর ছেলে মোঃ রেজাউল করিম রেজা (৪৭)।
পুলিশ জানায় আসামী ২ জনই চুয়াডাঙ্গা জেলার এবং আরও জানায় আটককৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদায় পুলিশে অভিযানে হেরোইনসহ আরিফুল আটক

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের অভিযানে হেরোইনসহ আরিফুল ইসলাম পলাশ কে আটক করেছে পুলিশ।

জানা গেছে, গতকাল রবিবার বিকাল সাড়ে ৫ দিকে গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গার জেলা পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর দিকনির্দেশনায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেক এর নির্দেশে কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এসআই মোঃ আতিকুর রহমান জুয়েল, এএসআই মোঃ জাহিদুল ইসলাম সহ সঙ্গীয় পুলিশ ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা কালে দামুড়হুদা থানাধীন কুতুবপুর গ্রামস্থ আজাহার আলী অন্তর এর মুদি দোকানের সামনে পাকা রাস্তার উপর থেকে আসামী মোঃ আরিফুল ইসলাম পলাশ (২৭)

কে আটক করে পুলিশ।
এ সময় আটককৃত আসামির নিকট থেকে ১৩ (তের) পুরিয়া হেরোইন উদ্ধার করা হয়।

আটককৃত আসামি দামুড়হুদা উপজেলার মুন্সিপুর সর্দারপাড়ার আব্দুর রাজ্জাকের ছেলে।

আটককৃতআসামির বিরুদ্ধে দামুড়হুদা মডেল-২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ৩৬(১) সারনির ক্রমিক নং-৮(ক) মামলা করা হয়েছে।
এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেক বলেন, আটককৃত আসামীর বিরুদ্ধে একাধিক মাদক মামলা আছে।

দামুড়হুদায় অগ্নিদগ্ধ শিশু কন্যার চিকিৎসার আর্থিক সহযোগিতায় নির্বাহী অফিসার ও প্রবাসী

দামুড়হুদায় অগ্নিদগ্ধ শিশু কন্যা ফারহানার চিকিৎসার জন্য আর্থিক সহযোগিতার হাত বাড়িয়ে মহানুভবতার পরিচয় দিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা ও দেউলি গ্রামের হাজী জামাল উদ্দিনের ছেলে বিদেশ প্রবাসী, ‘ওরা বন্ধু সংঘ’ দামুড়হুদার নির্বাহী সদস্য আব্দুর রহমান জসিম।
জানা গেছে, গত ১৯ মার্চ দামুড়হুদা দশমি পাড়ার ভ্যানচালক ফারুক হোসেনের একমাত্র শিশু কন্যা ফারহানা খাতুন(৬) সঙ্গীদের সাথে খেলাচ্ছলে হাতে তুলে নিয়েছিল ম্যাচ।
ম্যাচ দিয়ে পাটখড়িতে আগুন জ্বালায় ফারহানার এক খেলার স্বাথী। পাটখড়িতে জ্বালানো আগুন খেলার ছলে ফারহানার পোষাকে লাগলে তার জামায় আগুন ধরে সে অগ্নিদগ্ধ হয়। কিছু বুঝে ওঠার আগেই ঝলসে যায় ছোট্ট শিশুর কোমল শরীরের বড় একটা অংশ। শিশুটিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করার পর চিকিৎসার খরচ জোগাতে হিমসিম খাওয়ার জন্য শিশুটিকে ফিরিয়ে আনেন বাড়িতে।

গাংনীতে বৃদ্ধার মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার চরগোয়াল গ্রামে সুফিয়া বেগম (৬৫) নামের নামের এক বৃদ্ধার মরদেহ উদ্ধার করেছে পুলিশ। সোমবার সকালে বৃদ্ধার নিজ ঘর থেকে মরদেহ উদ্ধার করা হয়। বৃদ্ধা ওই গ্রামের মৃত রহমত আলীর স্ত্রী।

স্থানীয়রা জানায়, সুুফিয়া বেগম একা একা বসবাস করতেন। তার সংসারে আপন কেউ না থাকায় ভিক্ষাবৃত্তি করে জীবন চালাতেন তিনি। তার বাড়িতে প্রতিবেশিদের কারো যাওয়া আসা ছিলনা। সকাল থেকে হঠাৎ দুর্গন্ধ বের হলে স্থানীয়রা বৃদ্ধার মরদেহ দেখে পুলিশকে খবর দেন। খবর পেয়ে গাংনী থানা পুলিশ ঘটনা স্থল পরিদর্শন করেন।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, স্থানীয়দের সংবাদের ভিত্তিতে আমরা বৃদ্ধার বাড়িতে এসেছি। ওই বৃদ্ধার বয়স ৬৫ বছর। কয়েকদিন আগেই তার মৃত্যু হয়। তবে বার্ধক্যজনিত কারনে তার মৃত্যু হয় বলে প্রাথমিক ভাবে ধারনা কার হচ্ছে। তার সংসারে আপন কেউ না থাকায় মরদেহ কি প্রক্রিয়ায় দাফন করা হবে তা এখনও সিদ্ধান্ত হয়নি।

ঝিনাইদহে বিশ্ব হোমিওপ্যাথি দিবস উদযাপন

বাংলাদেশ ডিএইচএমএস ডক্টর এসোসিয়েশন ও ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশন এর আয়োজনে বিশ্ব হোমিওপ্যাথি দিবস ও হোমিওপ্যাথির জনক ডা স্যামুয়েল হ্যানিম্যানের ২৬৬ তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

সোমবার সকাল ১০ টার দিকে ঝিনাইদহ স্টেডিয়াম পাড়া সংলগ্ন ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশন এর কার্যালেয়েএ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশনের সভাপতি ডা আসাদুজ্জামান, সাধারণ সম্পাদক ডা বসির

আহমদ, ডা খান রফিকুল ইসলাম, ডা নাজের আলী, ডা সেলিনা আক্তার বিউটি ডা. নাজমুল ইসলাম সহ এসোসিয়েশন এর ডাক্তারবৃন্দ। অনুষ্ঠানের আলোচনা সভা পরবর্তীতে দোয়া পরিচালনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

মেহেরপুরে ভ্রাম্যমাণ দুধ, ডিম ও মাংস বিক্রয়ের উদ্বোধন

করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে জনসাধারণের প্রাণীজ পুষ্টি নিশ্চিত করণের লক্ষ্যে মেহেরপুর জেলা প্রাণিসম্পদ বিভাগের উদ্যোগে ভ্রাম্যমান দুধ, ডিম ও মাংস বিক্রয়ের উদ্বোধন করা হয়েছে।
সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে আনুষ্ঠানিকভাবে ভ্রাম্যমাণ দুধ, ডিম ও মাংস বিক্রয়ের উদ্বোধন করা হয়।
জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিক্রয় কার্য।ক্রমের উদ্বোধন করেন। প্রতিদিন সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত মেহেরপুরের বিভিন্ন এলাকায় ৬ টাকা ৫০ পয়সা পিস মুরগির ডিম, ১২৫ টাকা কেজি ব্রয়লার মুরগি এবং ৫৫ টাকা কেজি দরে দুধ বিক্রি করা হবে।
এসময় জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাইদুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তৌহিদুল ইসলামসহ প্রমূখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আরও ১০জন করোনায়

আক্রান্ত

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আরো ১০ জন আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ১৪ মার্চ ২০২১ থেকে গতকাল পর্যন্ত আক্রান্তের সংখ্যা – ১০২জন।
গতকাল রবিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ৩৭ টি। এর মধ্যে নতুন করে ১০ জন (সদর-৪, গাংনী-৬) করোনা রোগী শনাক্ত হয়েছে।
এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে পজিটিভ সংখ্যা ৬৭ (সদরে- ৩৯, গাংনীতে- ২২, মুজিবনগরে- ৬) জন।
এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৩০৮ টি। মৃত্যু- ১৮ জন (সদর- ১০, গাংনী- ৬, মুজিবনগর- ২), সুস্থ্য- ৭২৩ জন (সদর-৪০৫, গাংনী-২৩৩, মুজিবনগর- ৮৫), ট্রান্সফার্ড- ৬২ জন (সদর- ৪৬, গাংনী- ১৪, মুজিবনগর- ২)।
ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর শহরের শাহাজিপাড়ার ওয়াদুদ আলী (৭৭), মল্লিক পাড়ার নাহিদা, চাঁদপুরের শরিফুল ইসলাম (৩৭), বামনপাড়ার সফর উদ্দিন (৪৫) ও গাংনী উপজেলা বাদিয়া পড়ার জাহিদুল ইসলাম (২৮), চৌগাছার আক্তারুজ্জামান (৩৮), সীমা আক্তার (৩৪), ইফসিতা (০৫), নওশিন (১৫), নেহা (০৮)।
সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

চুয়াডাঙ্গায় ৭জন করোনায় আক্রান্ত

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্তের তুলনায় সুস্থতার হার দিন দিন কমছে। তবে স্বাস্থ্যবিধি মেনে না চললে আক্রান্তের সংখ্যা আরো বাড়তে পারে বলে ধারণা করছেন বিশেষজ্ঞরা।
চুয়াডাঙ্গায় গত ২৪ ঘণ্টায় নতুন করে ৭জন করোনা আক্রান্ত হয়েছেন।

বিষয়টি নিশ্চিত করেছে চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডাঃএ এস এম মারুফ হাসান।
এই নিয়ে চুয়াডাঙ্গায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়ালো ১৮০৪ জনে। ৪৯ জনের নমুনা পরীক্ষা করে ৭জন আক্রান্ত হন এই নিয়ে মোট নমুনা পরীক্ষা সংখ্যা ১০৪৭৮ জন। ◌ৃ
গত ২৪ঘন্টায় সুস্থ হয়েছে আরো ১জন, এই নিয়ে মোট সুস্থ হয়েছেন ১৬৩৫ জন। গত ২৪ ঘন্টায় কোন ব্যক্তি মৃত্যুবরণ না করলেও মোট মৃতের সংখ্যা এই পর্যন্ত ৪৭ জন এবং ঢাকায় মৃত্যুবরণ করেছেন আরো ৫ জন।

মেহেরপুরে “মুজিববর্ষে মুজিবচর্চার প্রাসঙ্গিকতা” শীর্ষক আলোচনা সভা

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মুজিববর্ষে শতঘন্টা মুজিব চর্চা শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সন্ধ্যায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ থেকে এ সভা অনুষ্ঠিত হয়।জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে জুমের মাধ্যমে অনুষ্ঠিত “মুজিববর্ষে মুজিবচর্চার প্রাসঙ্গিকতা” শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। প্রধান আলোচক হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন জাতীয় অধ্যাপক ও সভাপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি অধ্যাপক মোঃ রফিকুল ইসলাম।
জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক অ্যাডঃ ইব্রাহীম শাহীন, পিপি পল্লব ভট্টাচার্য প্রমুখ।

[redacted]

[redacted]